INDIA NON JUDICIAL

१५०रु. Rs150

भारत

एक सौ पचास रुपया ONE HUNDRED & FIFTY RUPEES

... of the ... Non-agricultural ... stamped for exem... require Stamp duty ... Stamp Act, 1899 ...

A 43.50
M 1.50
45-

মং ৭০০০্ সাত হাজার টাকা মূল্যের সাফ বিক্রয় কোবালা।

বিক্রয় কোবালা গ্রহীতা ঃ-

শ্রীমতী কল্যাণী বসু
স্বামী শ্রী ব্রহ্মপদ বসু
জাতি হিন্দু, পেশা গৃহস্বামী
সাং ৪৩ নং রজনী মুখার্জি
লেন, থানা বেহালা,
জেলা ২৪ পরগণা

বিক্রয় কোবালা দাতা ঃ-

১। শ্রী কালীদাস বসু
২। শ্রী জীবন কুমার বসু
পিতা মৃত মনোমোহন বসু
জাতি হিন্দু, পেশা ব্যবসাদি
সাং পূর্বাচল . গড়িয়া

1123 - 150/-
1124 - 35/-
1125 - 4/-
3 - 189/-

Presented for Registration at 11.30 A.M. on the 6th day of Nov 1965 at the Office of the Sub-Registrar Alipur Sadar by Kali Das Basu
Executant or Claimant or ...

Kali das Basu

Sub-Registrar of Alipur
Dist. 24 PARGANAS

Executant ... by Kali Das Basu
Son / Wife of ... Basu
of ... Jessore
Thana ...
District ...
By Caste ... by Profession Business

Kali das Bose

4557

Jiton Kumar Bose

4558

Identified by Mukunda Lal Chanda
Son / Wife of Late Bipin Behari Chanda
of ... the same place
Thana ...
District ...
By Caste ... by Profession Service.

Rs. 7,000/- Rupees Seven Thousand in consideration is paid in my presence by ... Basu on ... to the above Executants




121

কস্য মধ্য স্বত্বাধিকারী চিরস্থায়ী বর্তমানে রায়তি দখলি স্বত্ব বিশিষ্ট বাস্তু জমি জমা মায় কমন প্যাসেজের রাইটস মায় আলো বায়ু বর্ত্মস্বত্ব মায় যাবতীয় ইজমেন্ট রাইটস মায় দরবস্তু হক হকুকের নিঃস্বত্ব সম্পূর্ণ নির্দায় নির্দোষ অবস্থায় সাফ বিক্রয়ের খোস কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে —

জেলা ২৪ পরগণা থানা সদর টালিগঞ্জ অধুনা যাদবপুর সবরেজেষ্টারী অফিস আলিপুর পরগণা কলিকাতা উক্ত জেলার কালেকটারির ১৪৫ নং তৌজির অন্তর্গত বিগত ডিস্ট্রিক্ট সার্ভে সেটেলমেন্ট জরিপের রেঃ সাঃ নং ২৩০, জেঃ এলঃ নং ১৩ মৌজা কসবা গ্রামের বর্তমানে এষ্টেট এ্যাকুইজিশান এ্যাক্ট মতে মালিক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা ২৪ পরগণার কালেকটার সাহেব বাহাদুর সেরেস্তায় ১১১৩ নং খতিয়ানে মোট ৭ · ৫৯ শতক জমির বাবদ বার্ষিক মং ১৯ · ৫৩ পয়না খাজনায়

4 RS

INDIA

चार रुपया    चार रुपया

FOUR RUPEES भारत FOUR RUPEES



Kali das Bose
Jiban Kumar Bose

খাজনায় যে মধ্য স্বত্বাধিকারী চিরস্থায়ী স্বত্বের জমি জমা নিযুক্ত ছিল তাহার মধ্যে ৩৪৯৮ চৌত্রিশ শত আটানব্বই নং দাগের ১ ˙ ৯২ শতক জমি যাহা হাল জরিপের ২১০৬, ২৩৮৭ ও ২৩৮৮ নং খণ্ড খতিয়ানে ৩৪৯৮ চৌত্রিশ শত আটানব্বই নং দাগে ˙ ৯৪ শতক, ৩৪৯৮/৬৩০৪ চৌত্রিশ শত আটানব্বই এর বাঁটা তেষট্টি শত চার নং দাগে ˙ ০৫ শতক, ৩৪৯৮/৬৩০৫ চৌত্রিশ শত আটানব্বই এর বাঁটা তেষট্টি শত পাঁচ নং দাগে ˙ ১৮ শতক এবং ৩৪৯৮/৬২৯৬ চৌত্রিশ শত আটানব্বই এর বাঁটা বাষট্টি শত ছিয়ানব্বই নং দাগে ˙ ০১ শতক সর্ব্ব মোট ১ ˙ ১৮ শতক বা স্থানীয় মাপে ৩।।০ তিন বিঘা দশ কাঠা জমি আরও কিছু জমি জমা সহ মোট ১ ˙ ৯২ শতক বাস্তু জমি জমা আবদুল মজিদ হিস্যা ।৶৬।।৵০ ক্রান্তি, সামসুজ্জামান হিস্যা ৶১৩।৶০ ক্রান্তি, কামরুজ্জামান হিস্যা ৶১৩।।৶ ক্রান্তি.

মজরুল আলম স্বীকার ও অধিকার ও ঘোষণা করে যে তাহার নাবালকগণ

ক্রান্তি , ও মোবেদা খাতুন বিবি ।৴৬।।৴৴ ক্রান্তি একুনে ষোল আনার রেকর্ডীয় মালিক দখলিকার বর্ত্তমান থাকে । উক্ত জেলা জরিপে ২ নং মালিক সামসুজ্জামান সাহেবের নামে ৵১৩।৴ ক্রান্তি অংশ রেকর্ড ভ্রমাত্মক প্রকৃত পক্ষে ঐ অংশ মধ্যে তাহার ভগ্নি মোসাম্মাৎ মাজিদননেসা বিবির উহার $\frac{১}{৩}$ অংশ অর্থাৎ ,১৭৮৭ তিল তাহার স্বামী গৃহ হাওড়া জেলার অনুর্গত শিবপুর থানার কাজি পাড়া হইতে ভোগ দখল করা অসুবিধা বিবেচনা করায় তাহার যাবতীয় পৈতৃক ওয়ারিশী সূত্রে প্রাপ্ত সম্পত্তি বিক্রয় করার ঘোষণা করিলে সামসুজ্জামান তাহার কোন শরিকানি অংশ উপযুক্ত পণ মূল্যে প্রদানে নিজ পুত্র আবুল ফজল মহম্মদ জহুরুল আলমের বেনামিতে গত ১৭।১০।৪১ তারিখে সম্পাদিত ও আলিপুর ডিস্ট্রিক্ট রেজেস্টারী অফিসের ১৯৪১ সনের ১ নং বহির ৭২ নং ভলুমে ২৭২ নং পৃষ্ঠা হইতে ২৭৯ নং পৃষ্ঠায় লিখিত ৩৮১৭ নং কোবালা দলিল মূলে খরিদ করিয়া পূর্ববৎ দখল ব্যবহার করিতে থাকেন এবং উক্ত খরিদা কোবালা দলিল এক ছেলের নামাকরণে থাকা অযৌক্তিক বিবেচনায় গত ১৯৪৯ সালের ৬ ই জানুয়ারী তারিখে সম্পাদিত ও আলিপুর ডিস্ট্রিক্ট রেজেস্টারী অফিসের ১ নং বহির ২ নং ভলুমে ২০০ নং পৃষ্ঠা হইতে ২০৩ নং পৃষ্ঠায় রেজেস্টারি কৃত ১৯৪৯ সনের ৪১ নং নাদাবী দলিল মূলে উক্ত পুত্র আবুল ফজল মহাম্মদ জহুরুল আলম নিকট হইতে স্বনামে গ্রহণ করেন । উক্ত নাদাবী দলিল মূলে উক্ত আবুল ফজল মহম্মদ জহুরুল আলম স্বীকার ও অঙ্গিকার ও ঘোষনা করে যে তাহার নামাকরণে

Kali ... Kiran ...

নামাকরণে খরিদা সম্পত্তি তাহার পিতা সামসুজ্জামানের অর্থে ও স্বার্থে খরিদা তাহার নিজস্ব কোন স্বত্ব স্বার্থ নাই বা ছিল না । এই প্রকারে সামসুজ্জামান সাহেব তদীয় অবিভক্ত ৶১৩।৶৩ ক্র ৷ন্তি অংশ ভোগ দখল করিতে থাকা অবস্থায় তাহার একমাত্র বিবাহিতা কন্যা মারা যাওয়ায় মৃত্যুকালে একমাত্র বনিতা মোসাম্মাৎ জোবেদান্নেসা বিবি ও চারি পুত্র ১। আবুল কাসেম মহাম্মদ নুরুল আলম , ২। আবুল ফজল মহাম্মদ জহুরুল আলম , ৩। আবুল হাসেম মহম্মদ রফিকুল আলম ও ৪। আবুল মান্নান মহাম্মদ সফিকুল আলমকে রাখিয়া এবং অপর কোন ওয়ারিশ না রাখিয়া কোন উইল আদি না করিয়া তৎত্যাজ্য যাবতীয় সম্পত্তি তাহার পুত্রগণের সম্মতিতে একমাত্র বনিতা জোবেদান্নেসা বিবিকে মৌখিক হেবা বেল এওয়াজ মতে দান করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়া ৭।৫।১৯৫৮ তারিখে পরলোক গমন করেন । তদান্তর উক্ত জোবেদান্নেসা বিবি তাহার স্বামীর পরিত্যক্ত যাবতীয় সম্পত্তি তাহার মৌখিক দান মুলে প্রাপ্ত সম্পত্তিতে তাহার নিব্যূঢ় স্বত্ব ঘোষণার জন্য তাহার উক্ত চারি পুত্রকে বিবাদী শ্রেণী ভুক্ত করিয়া আলিপুর ৩য় সবজজ আদালতে ১৯৫৮ সনের ৬৮ নং দেওয়ানী মোকর্দমা রুজু করেন । উক্ত মোকর্দমায় পুত্রগণ সকলে হাজির হইয়া তাহাদের সম্মতিতে তাহাদের পিতা মৃত্যুর পূর্বে মাতাকে সমস্ত সম্পত্তি দান করিয়া গিয়াছেন স্বীকারে ও ছোলেনামা দাখিল করেন এবং ছোলেনামার মর্ম্ম মতে ডিক্রীর একাংশ গণ্যে বাদিনী জোবেদান্নেসা বিবির দাবী গত ১১।৮।৫৮ তারিখে ডিক্রী প্রচারিত হয় এবং তিনি স্বামীর ৶১৩।।৶

Kali das Bose
Khan Kumar Bose

ক্রান্তি অংশের মালিক সাব্যস্ত হয়েন । উহাদের পূর্ব্ব পুরুষ প্রপিতামহ গত স্টেটে কালক্রমে মুসলমানি সরিয়ত মতে বহু বিবাহিতা মেয়ে অংশিদার হয় এবং মেয়েরা সকলেই স্বামী গৃহে বসবাস করিতে থাকায় তাহাদের পূর্ব্ববর্ত্তীগণ গত জেলা জরিপের পূর্ব্বে আপোষে মৌখিক পারিবারিক মীমাংসা করিয়া সম্পত্তি বিভাগ বণ্টন করিয়া লয়েন এবং পুরুষ ওয়ারিশগণও তদীয় ওয়ারিশ কুলবধুগণ পৈতৃক বাস্তু ভিটার বা স্বামী পরিত্যক্ত ভদ্রাসন বাটীর অংশ অন্য নিরপেক্ষ ভাবে নিব্যূঢ় স্বত্বে অন্যের বিরুদ্ধ স্বত্ব দখল প্রাপ্ত হন এবং মেয়েরা অপরাপর খাস দখলিয় সম্পত্তি হইতে তাহাদের অংশানুরূপে জমি হারাহারি মতে প্রাপ্ত হন । ঐ প্রকারে মৃত আহাম্মদ আলির পুত্র তমিজদ্দিন একক হিস্যা ।৵৬।।৴৴ ক্রান্তির মালিক থাকিয়া এক পুত্র লতাবত হোসেন ও কন্যা মূলতুবন্নেসাকে ওয়ারিশ রাখিয়া মারা যান । উক্ত লতাবত হোসেন মৃত্যুকালে নিঃসন্তানা পত্নী জোবেদা খাতুন ও বিবাহিতা ভগ্নী মূলতুবন্নেসাকে ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করিলে পারিবারিক মীমাংসা সূত্রে অনুসারে কসবা মৌজার ৩৪৯৮ নং দাগের ভদ্রাসন বাটী ও তদুপরিস্থিত ইমারত বাটীতে এবং ৩৫০০ নং দাগের পারিবারিক কবরস্থানের স্বামী ও শ্বশুরের সম্পূর্ণ অংশ একক জোবেদা খাতুন তাহার ক্ষুদ্র অংশ মোতালক নিব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হন এবং স্টেটের অপরাপর বহুতর খাস জমি হইতে মূলতুবন্নেসার প্রাপ্তব্য স্বত্বাংশ বুঝ দেওয়া হয় এবং তদনুযায়ী গত জেলা জরিপে অন্যের নিরাপত্তে নির্ব্বিবাদে জোবেদা খাতুন নামে কসবা মৌজার ১১১৩ নং খতিয়ানে হিস্যা ।৵৬।।৴৴ ক্রান্তি অংশ লিপিবদ্ধ থাকে এবং সেও অন্য নিরপেক্ষভাবে অপরের বিরুদ্ধ

বিরুদ্ধ দখল জনিত সূত্রে ঐ সম্পত্তি খতিয়ান লিখিত অংশ মোতাবেক দখল ব্যবহার করিতে থাকেন কিন্তু অর্থাগম যোগ্য স্টেটের খাস জমি মধ্যে বিশেষ কোন সম্পত্তি না পাওয়ায় বাস্তু বাটি দলিলের অংশ গ্রাসা- চ্ছাদন চালাইতে অক্ষম হন সেকারণ উক্ত কসবা মৌজার জেলা জরিপের ১১১৩ নং খতিয়ান লিখিত শরিকান মোসাম্মাৎ জোবেদা খাতুন তাহার হিস্যা ।৶৬।।৴৴ ক্রান্তি স্বত্বাংশ মধ্যে ৩৪৯৮ নং দাগের সম্পূর্ণ সম্পত্তি মায় অপরাপর সম্পত্তি সহ নিজ ভরণ পোষণের বৈধ প্রয়োজনে বিক্রয় করার ঘোষনা করিলে উক্ত জোবেদানন্নেসা বিবি তাহার নিজ স্ত্রীধন অর্থে ও স্বার্থে গত ১৯৪৪ সালের ১৬ ই জুন তারিখে সম্পাদিত ও আলিপুর ডিস্ট্রিক্ট রেজেস্টারী অফিসের ১ নং বহির ৪২ নং ভলুমের ২২৭ নং হইতে ২৩০ নং পৃষ্ঠায় রেজেস্টারী কৃত ২০৯৪ নং কোবালা দলিল মূলে খরিদ করিয়া অপরাপর সম্পত্তি সহ উক্ত দাগের হিস্যা ।৶৬।।৴৴ ক্রান্তি অংশে মালিক দখলকারিণী নিয়ত থাকেন এবং পূর্ব্বোক্ত বিক্রীর অনুবলে. স্বামীর পরিত্যক্ত ৶১৩।৴ ক্রান্তি অংশ প্রাপ্ত হওয়ায় একক উক্ত দাগের হিস্যা ।।০ আনার মালিক অবধারিত থাকেন । তাহার চারিপুত্র তন্মধ্যে আবুল কাসেম মহাম্মদ নুরুল আলম ও আবুল ফজল মহম্মদ জহুরুল আলম কার্য্য ব্যাপদেশে পূর্ব পাকিস্তানে বসবাস করেন অপর দুই পুত্র আবুল হাসেম মহাম্মদ রফিকুল আলম ও আবুল মান্নান সফিকুল আলম পশ্চিম বঙ্গে বসবাস করেন । জবেদনন্নেসা বিবির গুরুতর অসুখের সংবাদ পাইয়া মাতার শয্যাপার্শ্বে চারিপুত্র সকলে উপস্থিত থাকায় মাতা তাহার পাকিস্তানবাসী দুই পুত্রের সম্মতিতে তাহার যাবতীয় সম্পত্তি ইংরাজী ২৩।১।৬৩. তারিখে পশ্চিম বঙ্গবাসী দুই পুত্রকে

পুত্রকে মৌখিক দান করিয়া যান এবং তাহারাও মাতার স্নেহের দান গ্রহণ করেন এবং তাহার মৃত্যুর পর আবুল হাসেম মহাম্মদ রফিকুল আলম ও আবুল মান্নান মহাম্মদ সফিকুল আলম আলিপুর তৃতীয় সবজজ আদালতে ১৯৬৩ সনের ৩৫ নং দেওয়ানী মোকর্দ্দমায় মাতার স্বেচ্ছা প্রণোদিত দানকৃত সম্পত্তিতে তাহাদের নির্ব্যূঢ় স্বত্ব ঘোষণার দাবীতে উক্ত রফিকুল আলম ও সফিকুল আলম তাহাদের পাকিস্থানবাসী ভ্রাতাদ্বয়কে বিবাদী শ্রেণী ভুক্ত করিয়া মোকর্দ্দমা দায়ের করি এবং উক্ত মোকর্দ্দমার বাদী ও বিবাদী উভয় পক্ষের দাখিলী ৭।৫।৬৪ তারিখের ছোলেনামার মর্ম্ম মতে ১৮।৫।৬৪ তারিখে রফিকুল আলম ও সফিকুল আলমের অনকূলে ডিক্রী প্রচারিত হয় এবম্প্রকারে উপরিলিখিত সম্পত্তিতে আবুল হাসেম মহাম্মদ রফিকুল আলম ।০ আনা অংশেও আবুল মান্নান মহম্মদ সফিকুল আলম ।০ আনা অংশে নির্ব্যূঢ় স্বত্বে মালিক দখলিকারিণী নিযুক্ত হয় এবং কামরুজ্জামান উপরি বর্ণিত সম্পত্তির পূর্ব পুরুষ প্রপিতামহ গত স্টেটে কালক্রমে মুসলমানী সরিয়ত মতে ৵১৩।৴ ক্রান্তি অংশে মালিক অবধারিত হইয়া লিখিত বণ্টন নামা না থাকায় কামরুজ্জামান সাহেবের ভগ্নীগণ ১। হাসতু নিবাসী কাজী আবদুল আবদুল রহিমের স্ত্রী জহুরা খাতুন , ২। হাওড়া শিবপুর নিবাসী আবদুল খয়েরের স্ত্রী সফিয়ান্নো বিবি ও ৩। আবদুল সামাদের স্ত্রী সালেহান্নেছা বিবির নিকট হইতে তাহাদের প্রাপ্তব্য কামরুজ্জামানের নামিয় রেকর্ডের ৵১৩।৴ ক্রান্তি অংশে আলিপুর ডিস্টিক্ট রেজেস্টারি আফিসের ১৯৪১ সনের ... বহির ৯৮ নং ভলুমের ১৯৫ নং পৃষ্ঠা হইতে ২০৪ নং পৃষ্ঠায় রেজেস্টারি ... উক্ত কামরুজ্জামান

সূত্রে স্বত্ববান মালিক দখলিকার নিযুক্ত থাকে এবং উপরি বর্ণিত সম্পত্তির ।৴৬।।৴৴ ক্রান্তি অংশের মালিক আবদুল মজিদ সাহেব একক খাসে ভোগ দখল করিতে থাকাকালিন বিগত ১।৩।৫৬ তারিখে পরলোক গমন করেন তাহার জীবিতাবস্থায় তাহার দুইটি কন্যাই পরলোক গমন করায় মৃত্যুকালে আমাদের বায়া আবদুল ওয়াহেদ সাহেবকে একপুত্র ও আমাদের বায়া উম্মেকুলসুমকে এক স্ত্রী কেবলমাত্র ওয়ারিশ বর্ত্তমান রাখিয়া পরলোক গমন করায় তাহার ত্যক্ত ।৴৬।।৴৴ ক্রান্তি অংশের রকম ৻১৩।৴ ক্রান্তি অংশ উম্মেকুলসুম ও হিস্যা ।১৩।৴ ক্রান্তি অংশ আবদুল ওয়াহেদ সাহেব প্রাপ্ত হয়। প্রকাশ থাকে যে উপরোক্ত আবদুল মজিদ সাহেব মহাজনের দেনার ভয়ে তাহার স্বত্ব দখলিয় উক্ত কসবা মৌজার ১১১৩ নং খতিয়ানের লিখিত ৩৪৯৮ নং দাগের বসত বাটীর তাহার অংশ হইতে কমবেশ ।২ সাত কাঠা জমি মায় পাকা গৃহাদি সমেত সম্পত্তি তাহার সম্পর্কীয় জামাতা ২১ নং লাউড্রন স্ট্রীট নিবাসী জনৈক কাজী আবু দাউদের নাম বরাবর বিগত ২।১।৫১ তারিখে একখণ্ড রেজেষ্টারি কৃত পণ ও প্রবৃত্তিহীন কোবালা দলিল মূলে বেনাম করিয়া রাখেন। উক্ত আবু দাউদ সাহেব বিগত ইংরাজী ১৫।৯।৫৫ তারিখে মৃত্যুমুখে পতিত হইলে তাহার ওয়ারিশ পুত্র কন্যাগণ কাজী আশ্রাফ আমেদদিগর বিগত ইংরাজী ২৬।৯।৫৮ তারিখে সম্পাদিত ও আলিপুর সদর সাবরেজেষ্ট্রী অফিসের রেজেষ্ট্রী কৃত ৮৩৪১ নং নাদাবী মুক্তিপত্র মূলে তাহাদের পূর্বাধিকারী কাজী আবু দাউদের নামিয় আবদুল মজিদের দেওয়া কোবালা পণ ও প্রবৃত্তিহীন বেনামি দলিল উল্লেখে আমাদের বায়া উম্মে কুলসুম ও আবদুল ওয়াহেদ সাহেবের অনকূলে দাবী

দাবী ত্যাগ করেন এবং আমাদের বায়া উক্ত উম্মেকুলসুম ওয়ারিশসূত্রে
.১৩।/ ক্রান্তি অংশে ও আবদুল ওয়াহেদ সাহেব পিতার ওয়ারিশ সূত্রে
।১৩।/ ক্রান্তি অংশে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে একক নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান
খাসে ভোগবান মালিক দখলিকার নিযুক্ত থাকেন। তৎপরে বিগত ইংরাজী
৬।৭।৬৪ তারিখে মোকাম আলিপুর সদর জয়েন্ট সাব রেজেষ্টারী অফিসের
রেজেষ্টারি কৃত ৫২১৭ নং কোবালা দলিল যাহা ঐ অফিসের উক্ত সনের
১ নং বহির ৯০ নং ভলুমে ১৬৬ পৃষ্ঠা হইতে ১৭৫ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ
হইয়াছে। উক্ত কোবালা দলিল মূলে উপরোক্ত আবুল হাসেম মহম্মদ রফিকুল
আলম তাহার নিজ স্বত্বাংশে ।০ চারি আনা অংশের জমি জমা আমরা কোবালা
দাতাদ্বয় আমাদিগকে সাফ বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন
এবং উক্ত তারিখে ঐ অফিসের রেজেষ্টারি কৃত ৫২১৮ নং কোবালা দলিল
যাহা ঐ অফিসের উক্ত সনের ১ নং বহির ৯৩ নং ভলুমের ১৯৩ নং পৃষ্ঠা হইতে
২০২ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়াছে। উক্ত প্রকার কোবালা দলিল মূলে উপরোক্ত
আবুল মান্নান মহাম্মদ সফিকুল আলম তাহার নিজ স্বত্বাংশের ।০ চারি আনা
অংশের জমি জমা আমরা কোবালা দাতাদ্বয় আমাদিগকে সাফ বিক্রয়
করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন এবং উক্ত তারিখে ঐ অফিসের
রেজেষ্টারিকৃত ৫২১৯ নং কোবালা দলিল যাহা ঐ অফিসের ১ নং বহির
১০০ নং ভলুমে ১৩৬ নং পৃষ্ঠা হইতে ১৪৩ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়াছে।
উক্ত প্রকার কোবালা দলিল মূলে উপরোক্ত কামরুজ্জামান সাহেব তাহার নিজ
স্বত্বাংশ ৵১৩।/ ক্রান্তি অংশের জমি জমা আমরা কোবালাদাতাদ্বয় আমাদিগকে

আমাদিগকে সাফ বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুতহয়েন এবং উক্ত তারিখে ঐ অফিসের রেজেষ্টারি কৃত ৫২২০ নং কোবালা দলিল যাহা ঐ অফিসের ১ নং বহির ৯০ নং ভলুমের ১৭৬ নং পৃষ্ঠা হইতে ১৮২ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়াছে। উক্ত প্রকার কোবালা দলিল মূলে উপরোক্ত উম্মেকুলসুম তাহার নিজ স্বত্বাংশে ।১৩।৴ ক্রান্তি অংশের জমি জমা আমরা কোবালাদাতাদ্বয় আমাদের বেনামদার জনৈক শ্রী সুরেন্দ্র নাথ ব্যানার্জি মহাশয়কে সাফ বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন এবং ঐ তারিখে উক্ত অফিসের রেজেষ্টারিকৃত ৫২১৬ নং কোবালা দলিল যাহা ঐ অফিসের ১ নং বহির ১০৮ নং ভলুমে ৬৬ নং পৃষ্ঠা হইতে ৭৩ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়াছে। উক্ত প্রকার কোবালা দলিল মূলে উপরোক্ত আবদুল ওয়াহেদ সাহেব তাহার নিজ স্বত্বাংশে ।১৩।৴ ক্রান্তি অংশের জমি জমা আমরা কোবালা দাতাদ্বয় আমাদের উক্ত বেনামদার শ্রী সুরেন্দ্র নাথ ব্যানার্জি মহাশয়কে সাফ বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন। এবমপ্রকারে আমরা কোবালাদাতা দ্বয় উপরি বর্ণিত ১ ' ১৮ শতক বা স্থানীয় মাপে কমবেশ ৩।।০ তিন বিঘা দশ কাঠা জমিতে খরিদা সূত্রে স্বত্ববান হইয়া আমাদের অর্থে ও স্বার্থে খরিদা উক্ত বেনামি সম্পত্তি বিগত ইংরাজী ১৮।২।৬৫ তারিখে মোকাম আলিপুর সদর জয়েন্ট সাব — রেজেষ্টারি অফিসের রেজেষ্ট্রী কৃত ১২৭০ ও ১২৭১ নং দুই কেতা নাদাবি পত্র দলিল দ্বারা উক্ত সুরেন্দ্র নাথ ব্যানার্জি মহাশয়ের নিকট হইতে রিলিজ করিয়া নিয়া একক অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও খাসে ভোগবান মালিক দখলিকার হইয়া অত্র বিক্রীত সম্পত্তির উত্তর অংশের পুকুর

পুকুর প্রচুর অর্থ ব্যায়ে মাটির দ্বারা ভরাট করতঃ আমরা উহা ডেভালাপ করিয়া আমাদের কৃত স্কীম ভুক্ত মধ্যস্থলে একটি ১৬' ষোল ফিট প্রশস্থ কমন প্যাসেজ দর্শাইয়া উহা বিক্রয় এর নিমিত্ত ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া দিয়াছি।

এক্ষণে আমাদের কৃত স্কীমের প্লট গুলি বিক্রয় করিবার ঘোষনা করিলে গ্রাহকগণ মধ্যে আপনি গ্রহীতা আমাদের কৃত স্কীমের ৪ চারি নম্বর প্লটের কমবেশ ০২।০৫।৩৬ দুই কাঠা পাঁচ ছটাক ছত্রিশ স্কোয়ার ফিট জমি সর্ব্বোচ্চ বাজার মূল্যে খরিদ করিতে ইচ্ছুক হইয়া বেলমোক্তা পণ বহা মং ৭০০০্ সাত হাজার টাকা মূল্যে খরিদ করিবার প্রস্তাব করিলে আমরা আপনার প্রস্তাবে সম্মত হইয়া এবং উহাই সর্ব্বোচ্চ বাজার দর বিবেচনা করিয়া অদ্য তারিখে উক্ত ধার্য্য পণের সম্পূর্ণ টাকা নিম্নের রায়মত এক কালিন নগদ বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে উহা আপনার নিকট সাফ বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখল চ্যুত হইলাম এবং জমা জমিতে অদ্যই আপনাকে দখল বুঝাইয়া দিলাম। আপনি অদ্য হইতে বিক্রীত সম্পত্তির দরবস্ত হক হকুকে আমাদের স্বত্বে স্বত্ববতী ও ভোগবতী মালিক দখলকারিণী হইয়া প্রয়োজন মত মালিক জমিদারের সেরেস্তায় আমাদের নামের পরিবর্ত্তে আপনার নিজ নাম জারি পত্তনক্রমে খাজনাদি আদায় পূর্ব্বক দান বিক্রয়ের ও সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তর করিবার স্বত্বাধিকারিণী রূপে যদৃচ্ছা ক্ষমতা পরিচালনে পুত্র পৌত্রাদি ওয়ারিশানক্রমে পরম সুখে ভোগ করিতে রহেন। এবিষয়ে বিক্রীত সম্পত্তি সম্বন্ধে আমাদের কি আমাদের ওয়ারিশানের কি স্থলপরবর্ত্তী জনগণক্রমে যে কিছু স্বত্ব সামিত্ব লভ্য অংশ

অংশ দাবী দাওয়া দখল অধিকার আদি সম্পর্ক ছিল ও আছে তাহা সম্পূর্ণ রদ ও রহিত হইয়া সম্পূর্ণই আপনার প্রতি অর্পিল বা পর্য্যাপ্ত হইল। কস্মিনকালে আমরা কি আমাদের ওয়ারিশানে কি স্থলবর্ত্তী জনগণাক্রমে অত্র বিক্রীত সম্পত্তি সম্বন্ধে কেহ কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করি কি করে তাহা সর্বত্র সর্ব্ব প্রকার আদালতে সর্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবেক। অত্র সাফ বিক্রয়ের খোস কোবালা পত্র লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার অঙ্গিকার ও ঘোষণা প্রচার ও প্রকাশ করিতেছি যে অত্র বিক্রীত সম্পত্তি ইতিপূর্ব্বে কাহারও নিকট কোন প্রকার দান বিক্রয় হেবা হস্তান্তর অবস্থান্তর রূপান্তর দায়াবদ্ধ দায়সংযোগ প্রজাবিলি ও প্রজাপত্তনাদি কোন কিছু করি নাই বা করা হয় নাই কিংবা কোনও আদালত কর্তৃক বা কোনও ব্যাঙ্ক কর্তৃক কোন প্রকার ক্রোকাবদ্ধ বা নিষেধাজ্ঞা জারি হয় নাই কিংবা কাহারও নিকট কোন প্রকার রেজেস্টারি বিনা রেজেস্টারি হস্তান্তরের চুক্তি দ্বারা আবদ্ধ করি নাই বা করা হয় নাই কিংবা উহাতে কোনও লিয়েন চার্জ নাই কিংবা উহা কোন মামলা মোকর্দ্দমার বিষয় ভূত সম্পত্তি নহে কিংবা উহা কোনও দেব সেবায় বা পাবলিক কাজে অর্পিত হয় নাই কিংবা উহা কোনও এলাইটমেন্টের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে কিংবা উহা কাহারও খোরপোষের চার্জে বা জামিনাদিতে আবদ্ধ নাই কিংবা উহা কোনও ট্রাস্ট ওয়াক্ফ সম্পত্তি নহে কিংবা গভর্ণমেন্টের ল্যাণ্ড এ্যাকুইজিসান বিভাগ ও রিকুইজিসন বিভাগ কর্তৃক কোন প্রকার নোটিশ জারি বা গৃহিত হয় নাই কিংবা কোন প্রকার রেজেস্টারি বিনা রেজেস্টারি উইল বা চরম

Kali das Bose
Jiban Kumar Bose

চরম পত্র দেবোত্তর ব্রহ্মোত্তর পীরোত্তর মন্দির মসজিদ ওয়াক্ফ পীরস্থান ইদগা দরজা গোচারনভূমি বা সর্ব সাধারণের ব্যবহারের স্থান রূপে কোন কিছু করি নাই বা করা হয় নাই। মোট কথা সম্পূর্ণ নির্দায় নির্দোষ ও মুক্ত অবস্থায় অন্যের বিনা স্বত্ব সংস্রবে একক নিরাংশে নিব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও খাসে ভোগবান মালিক দখলিকার থাকা অবস্থায় এবং বিক্রয় করিবার উত্তম যোগ্য স্বত্ব ও অক্ষুন্ন ক্ষমতা থাকা অবস্থায় আপনার নিকট সাফ বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম। যদি ভবিষ্যতে উপরিলিখিত সর্ত্ত সমূহের কোনও এক সর্ত্ত মিথ্যা শঠতা মূলক বা প্রবঞ্চনা মূলক কার্য্য প্রকাশ পাইয়া আপনার খরিদা স্বত্বের স্বার্থের লভ্যের ও হক দখলাদির কোন প্রকার ব্যাঘাত জন্মে কি জন্মাই তাহা হইলে পণের লিখিত সমুদয় টাকা মায় ক্ষতি পূরণ ও সুদ সহ ওয়ারিশানক্রমে এককালিন বেওজরে ফেরৎ দিতে বাধ্য রহিলাম ও রহিল এবং উভয় বিধ আইনানুসারে দায়ি ও দণ্ডনীয় হইব। প্রকাশ থাকে যে অত্র মূল কোবালা দলিল সুদৃঢ় করনার্থে যদি ভবিষ্যতে অন্য কোন প্রকার দলিলের আবশ্যক হয় কিংবা অত্র দলিল লেখকের ভুল ত্রুটিতে যদি ভবিষ্যতে কোন প্রকার ভ্রম দৃষ্ট হয় সেজন্য ভ্রম সংশোধন পত্র দলিলের আবশ্যক হইলে উক্ত প্রকার দলিল আপনার তলব মতে ও ব্যায়ে ওয়ারিশানক্রমে বেওজরে হাজির আসিয়া বিনা পণে দলিল সহি সম্পাদন ও রেজেষ্টারি করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিল এবং উক্ত প্রকার দলিল অত্র মূল কোবালা দলিলের একাংশ বলিয়া সর্বত্র সর্ব প্রকার আদালতে গণ্য হইবেক। আরও প্রকাশ থাকে যে অত্র বিক্রীত সম্পত্তির টাইটেল দলিল পত্রে আরও বহু সম্পত্তি থাকায় কিছই আপনাকে দেওয়া গেল

গেল না বটে কিন্তু উহা যখনই আপনার দেখিবার প্রয়োজন হইবে তখনই উহা আমরা সর্ব স্থানে আপনার ব্যায়ে দর্শাইতে বাধ্য রহিলাম। আরও প্রকাশ থাকে যে অত্র বিক্রীত সম্পত্তির মধ্যস্থল দিয়া যে ১৬´ ষোল ফিট প্রশস্থ কমন প্যাসেজ রহিল তাহার তলদেশ দিয়া কিংবা উপর দিয়া টেলিফোন তার ইলেকট্রিক লাইন জলের পাইপ ইত্যাদি আনিতে পারিবেন এবং উহাতে সর্ব প্রকার যান বাহনাদি লইয়া যাতায়াতের সম্পূর্ণ ক্ষমতা পরিচালনের অধিকারী থাকিলেন। তাহাতে কেহ কোন প্রকার বাধা সৃষ্টি করিতে পারিবে না ও আমরাও পারিব না। আরও প্রকাশ থাকে যে অত্র বিক্রীত সম্পত্তির দুই প্রস্থ নক্সা অত্র সহ গ্রথিত করিয়া দিলাম উহাও অত্র দলিলের একাংশ বলিয়া সর্বত্র সর্ব প্রকার আদালতে গণ্য হইবেক। আরও প্রকাশ থাকে যে অত্র বিক্রীত সম্পত্তির উক্ত ১৬´ ফিট প্রশস্থ রাস্তা আমরা যথা কালে ইউনিয়ন বোর্ডকে অথবা যে কোন কমপিটেন্ট অথোরিটিকে হস্তান্তর করিয়া দিব এবং উক্ত রাস্তা বাবদ হারাহারি মতে যে খাজনা হইবে তাহা আপনি ও অন্যান্য প্লটের খরিদ্দারগণ সকলে হারাহারি মতে দিতে বাধ্য থাকিবেন উক্ত রাস্তা বাবদ খাজনা আমরা কস্মিনকালেও দিতে বাধ্য থাকিব না।

এতদর্থে স্বেচ্ছায় সজ্ঞানে সুস্থ শরীরে সরল অন্তঃকরণে আপন খুসীতে অন্যের বিনানুরোধে বা বিনা প্ররোচনায় নিজ হিতার্থে হাজিরে আসিয়া গণ বাহার সম্পূর্ণ টাকা নিম্নের জায়মত অদ্য এককালিন নগদ বুঝিয়া পাইয়া ... খাস কোবালা দলিল সহি

Kali das ...
Bikash Kumar ...

সহি সম্পাদন করিলাম। ইতি সন ১৩৭২ সাল তারিখ ২১শে চৈত্র , ইংরাজী

১৯৬৫ সালের ৪ঠা ...।

তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা ২৪ পরগণা থানা সদর টালিগঞ্জ অধুনা যাদবপুর সাবরেজেষ্টারি অফিস আলিপুর পরগণা কলিকাতা উক্ত জেলার কালেকটারির ১৪৫ নং তৌজির অন্তর্গত বিগত ডিষ্ট্রিক্ট সার্ভে সেটেলমেণ্ট জরিপের রেঃ সাঃ নং ২৩৩ , জেঃ এলঃ নং ১৩ মৌজা কসবা গ্রামের বর্ত্তমানে এষ্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট মতে মালিক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা চব্বিশ পরগণার কালেকটার সাহেব বাহাদুর সেরেস্তায় ১১১৩ নং খতিয়ানে মোট ৭ .৫৯ শতক জমির বাবদ বার্ষিক মং ১৯ . ৫৩ পয়সা খাজনায় যে মধ্যস্বত্বাধিকারী চিরস্থায়ী জমি জমা নিযুক্ত আছে তাহার মধ্যে ৩৪৯৮ চৌত্রিশ শত আটানব্বই নং দাগের ১ . ৯২ শতক বাস্তু জমি যাহা হাল রিভিসন্যাল সেটেলমেণ্ট জরিপের ২১০৬ নং , ২৩৮৭ নং, ও ২৩৮৮ নং খতিয়ান সমূহে ৩৪৯৮ চৌত্রিশ শত আটানব্বই নং দাগে .৯৪ শতক , $\frac{3498}{6304}$ চৌত্রিশ শতআটানব্বই এর বাঁটা তেষট্টি শত চারি নং দাগে .০৫ শতক ও $\frac{3498}{6305}$ চৌত্রিশ শত আটানব্বই এর বাঁটা তেষট্টি শত পাঁচ নং দাগে .১৮ শতক এবং $\frac{3498}{6296}$ ... শত আটানব্বই এর বাঁটা বাষট্টি শত ছিয়ানব্বই নং দাগে .০১ শতক ... কাঠা

Kali das [illegible]
Hiran kumar [illegible]

কাঠা জমি যাহার খাজনা জমার হারাহারি মতে বার্ষিক মং ৩ '০৬ পয়সার জমি জমা আমরা উপরি বর্ণিত পাঁচ কেতা কোবালা দলিল মূলে খরিদ করিয়া খরিদা সূত্রে স্বত্ববান মালিক হইয়া সমগ্র জমি আমরা স্কীম ভুক্ত করিয়া ডেভালোপমেণ্ট করতঃ ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া বিক্রয় উপযোগী করিয়াছি । আমাদের কৃত স্কীমের ৪ চারি নম্বর প্লট ভুক্ত কমবেশ ৴২।৴৩৬ দুই কাঠা পাঁচ ছটাক ছত্রিশ স্কোয়ার ফিট জমি যাহা অত্র সহ গ্রথিত নক্সায় লাল রংয়ে বর্ডার রঞ্জিত করিয়া দেখান হইল । তাহাই বিক্রীত সম্পত্তি হইতেছে । যাহার খাজনা জমার হারাহারি মতে বার্ষিক মং '১২ পয়সা । ইহা ছাড়া কমন প্যাসেজের দরুণ পৃথক আদায় দেয় ।

## চৌহদ্দি –

উত্তরে – আমাদের স্কীমের ৩ নং প্লট ।

পূর্ব্বে – দাং ৩৪৮২ নং দাগ জমি ।

দক্ষিণে – আমাদের স্কীমের ৫ নং প্লট ।

পশ্চিমে – স্কীমের ১৬' [illegible] কমন প্যাসেজ ।

Kali das Bo[illegible]
Jibon Kumar B[illegible]

অপীল টাকার জায়

জমা তারিখে নগদ –

১০০.০০ হারে মোট ৭০ প্রস্থা ১০০.০০ × ৭০ = ৭০০০.০০ টাকা


[illegible]

Kali das Bose
Jibon Kumar Bose

ইসাদি :–
Nitya Gopal Mukherji
44 Hogal Bari Path Way
Cal - 38

[illegible]
28 [illegible]
Bi[illegible] Bhusan Dhar
advocate
Calcutta High Court.

টাইপকারক
[illegible] দাস।



LAY OUT PLAN FOR
C.S. PLOT No. 3482
OF MOUZA - KASBA
P.S. - JADAVPUR
DIST. - 24 PARGANAS
SCALE - 50' = 1" INCH
No. 1 BUS RUTE
GARFA ROAD
COLONY
PART OF THE
C.S. PLOT No. 3498
COMMON PASSAGE
TANK
P. No. 1
COLONY
C.S. PLOT No. 3658
COLONY
C.S. PLOT No. 3482
P. No. 2
P. No. 3
P. No. 4
P. No. 5
P. No. 6
P. No. 7
P. No. 8
P. No. 9
P. No. 10
P. No. 11
P. No. 12
P. No. 13
P. No. 14
PART OF
THE C.S.
PLOT No
3498
COMMON PASSAGE
COLONY
PART OF

THE SEAL OF THE SUB-REGISTRAR-ALIPUR
DIST. 24 PARGANAS

Sub-Registrar of Alipur
Dist. 24 PARGANAS

Plan attached to
Book no I
Vol 70
Pages 235
Being no 3600
for 1965

Book - 1
Vol - 70
Pages 233 - 244
Being 3600
Year 1965

SR Alipur
28.5.65